

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়
আই.আর.আই. রোড, টংগী, গাজীপুর।

স্মারক নং-৪০.০১.৩৩০০.০০০.৯৯.০৫৭.২০. ৬৬৬৫

তারিখ: ০৫/০৫/২০২৩ইং

এসডিজি ইনডিকেটর ৮.৮.১ বিষয়ক উদ্বুদ্ধকরণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : আহমেদ বেলাল
উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, গাজীপুর
স্থান : সম্মেলন কক্ষ, উপমহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুর।
তারিখ : ০৭/০৮/২০২৩ ইং
সময় : সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট “ক”


এসডিজি ইনডিকেটর ৮.৮.১ বিষয়ক উদ্বুদ্ধকরণ সভার সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে তাদের পরিচয় প্রদানের জন্য অনুরোধ করেন এবং এই সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বিগত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা :	আলোচনার শুরুতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুর এর উপমহাপরিদর্শক বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন নিয়ে আলোচনা করেন।	সকল কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুর।
০২	অংশগ্রহণ ও কল্যাণ তহবিল স্থাপনঃ	বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২৩২ মোতাবেক প্রযোজ্য হয় এরূপ কোম্পানী প্রযোজ্য হওয়ার এক মাসের মধ্যে একটি শ্রমিক অংশগ্রহণ তহবিল এবং একটি শ্রমিক কল্যাণ তহবিল স্থাপন করবেন। এবিষয়ে সভাপতি মহোদয় বলেন, সংশ্লিষ্ট কারখানার মালিক প্রত্যেক বছর শেষ হওয়ার অনূন নয় মাসের মধ্যে, পূর্ববর্তী বছরের নীট মুনাফার পাঁচ শতাংশ (০৫%) অর্থ ৮০০ঃ১০০ঃ১০ অনুপাতে যথাক্রমে অংশগ্রহণ তহবিল, কল্যাণ তহবিল এবং বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০০৬ এর ধারা ১৪ এর অধীন স্থাপিত শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে প্রদান করিবে। এছাড়া সভাপতি মহোদয় তহবিলদ্বয়ের ব্যবস্থাপনা ও কোন কোন কারখানায় এইধারা ও বিধি প্রযোজ্য এই বিষয়ে বিষদ আলোচনা করেন। শ্রমিকদের কল্যাণ সাধনে মালিক, শ্রমিক ও পরিদর্শকদের সকলকে একত্র হয়ে কাজ করার আহবান জানান। সিদ্ধান্ত: ক। প্রযোজ্য হয় এরূপ কোম্পানী বাংলাদেশ শ্রম আইনের সংশ্লিষ্ট ধারা ও বিধি প্রযোজ্য হওয়ার এক মাসের মধ্যে একটি শ্রমিক অংশগ্রহণ তহবিল এবং একটি শ্রমিক কল্যাণ তহবিল স্থাপন করবেন। খ। সংশ্লিষ্ট কারখানার মালিক প্রত্যেক বছর শেষ হওয়ার অনূন নয় মাসের মধ্যে,	সকল কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুর

(Signature)

	<p>পূর্ববর্তী বছরের নীট মুনাফার পঁচ শতাংশ (০৫%) অর্থ ৮০০৪১০০৪১০ অনুপাতে যথাক্রমে অংশগ্রহণ তহবিল, কল্যাণ তহবিল এবং বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০০৬ এর ধারা ১৪ এর অধীন স্থাপিত শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে প্রদান করিবে।</p>	
--	--	--

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


আহমেদ বেলাল
উপমহাপরিদর্শক

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, গাজীপুর

স্মারক নং-৪০.০১.৩৩০০.০০০.৯৯.০৫৭.২০. ৬৬৫৮/২(২০)

তারিখ: ০৪ ০৫ ২০২৩ইং

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিদর্শক(অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী বিজয় নগর, ঢাকা-১০০০
- ২। অতিরিক্ত মহাপরিদর্শক(যুগ্ম সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী বিজয় নগর, ঢাকা-১০০০।
- ৩। যুগ্ম মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৪। সহকারী মহাপরিদর্শক (সেফটি) (রুটিন দায়িত্ব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৫। পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৬। সহকারী মহাপরিদর্শক (সেফটি), সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৭। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
(মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। সহকারী মহাপরিদর্শক (সাধারণ/সেফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, গাজীপুর।
- ৯। শ্রম পরিদর্শক (সাধারণ/ স্বাস্থ্য/ সেফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, গাজীপুর।
- ১০। অফিস কপি।



আহমেদ বেলাল
উপমহাপরিদর্শক